গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩১.২৪-৪৪৭ | তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ / ২৪ জুন ২০২৪

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপবরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্মারক নম্বর-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২৪(অংশ-১৪).৭৮, তারিখ: ১৩/০৬/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য নগদ টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত নগদ টাকা দ্বারা গৃহীত প্রকল্পটি নিম্নলিখিত শর্তাবলী ও সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের নামের পার্শ্বে ০৪ নং কলামে বর্ণিত নগদ টাকা তাঁর অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।
০২। এই ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | উপজেলার নাম | প্রকল্পের বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ধামরাই | কান্দাপাড়া হাসেন রাইস মিল হতে মানিক এর বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা | |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে উত্তোলন করতে হবে।
(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পটি বাস্তবায়ন কাজ আগামী ৩০-০৬-২০২৪ খ্রি: তারিখের সম্পন্ন করতে হবে;
(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;
(৪) প্রকল্পটি সরেজমিনে পরিদর্শনপূর্বক টাকা ছাড় করতে হবে।
(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন / পৌরসভা) নির্বাচিত সদস্য / কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মনিস্দর সংস্কার উন্নয়ন প্রকল্পে ইমাম / পুরোহিতকে পিআইস'র সভাপতি করতে হবে।
(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন / বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;
(৮) কোন প্রকল্পটি ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত / আইন বিধির আওতায় আনতে হবে;
(৯) প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি / জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;
(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
(১১) মঞ্জুরী আদেশের প্রকল্পটি ডুপ্লিকেশন হলে বরাদ্দকৃত অর্থ কোন অবস্থায় ছাড় করা যাবে না। বরাদ্দকৃত টাকা সরকারী কোষাগারে চালানমূলে জমা প্রদান করত সিটিআরসহ চালানের কপি দাখিল করতে হবে।
(১২) প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
(১৩) প্রকল্পটি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখে ও ২০ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে ;
(১৪) প্রকল্পটি বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-০২

(১৪) প্রকল্পটি বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৫) নতুনভাবে তৈরিকৃত / সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে ;

(১৬) সংশোধিত প্রক্কলন প্রণয়ন ও এক কপি প্রাক্কলন এ কার্যালয়ে দাখিল সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন কাজ নির্ধারিত তারিখের মধ্যে শুরু ও শেষ করতে হবে।

২। **এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

২৪/০৬/২০২৪


মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল নং ০১৭০০-৭১৬৬৭৮
E-mail: drrodhaka@ddm.gov.bd


স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩১.২৪- ৪৪৭

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ / ২৪ জুন ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য নির্বাচনী এলাকা-১৯৩, ঢাকা-২০ ।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,১৬, আ. গণিরোড, ঢাকা।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।

৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (উপবরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো)।

৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, ঢাকা। তাঁকে উপজেলাসমূহ হতে কাজের অগ্রগতি প্রতিবেদন সংগ্রহপূর্বক সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করে ০৫ ও ১৫ তারিখের মধ্যে পাক্ষিক ও মাসিক প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১০। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ধামরাই, ঢাকা।

১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধামরাই, ঢাকা।

১৪। অফিস কপি।

২৪/০৬/২০২৪

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।